

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নন্দীগ্রাম, বগুড়া।  
nondigram.bogra.gov.bd

স্মারকঃ ০৫.৫০.১০৬৭.০০০.০৫.০২৮.১৯.৪০৮

২৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ  
তারিখঃ-----  
১২ জুন ২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিনামূল্যে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ।

নন্দীগ্রাম উপজেলার কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্তে নন্দীগ্রাম উপজেলা পরিষেদের অর্থায়নে বিনামূল্যে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)	আবেদন গ্রহণের সময়
০১	ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং প্রশিক্ষণ কোর্স কন্টেন্ট : ডিজিটাল মার্কেটিং, সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন ও গ্রাফিক্স ডিজাইনিং কোর্স সময়কাল: ১৫ দিন (৬০ ঘন্টা) স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নন্দীগ্রাম, বগুড়া। আসন সংখ্যা : ২০	এইচ, এস, সি পাশ	বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আগামী ১৭/০৬/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়।


আবেদন সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
- প্রার্থীর অবশ্যই ব্যক্তিগত ল্যাপটপ এবং ইন্টারনেট ব্যবহারের জন্য মডেম থাকতে হবে।
- প্রার্থীকে কম্পিউটার এবং ইন্টারনেট ব্যবহারে দক্ষ হতে হবে। কম্পিউটার বিষয়ক যেকোন কোর্স করা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রার্থীর সহস্বে লিখিত দরখাস্তে (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) মাতার নাম (বাংলা ও ইংরেজী), (০৩) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (০৪) জন্ম তারিখ, (০৫) জাতীয় পরিচয়পত্রের নম্বর/জন্ম নিবন্ধনের নম্বর, (০৬) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (০৭) শিক্ষাগত যোগ্যতা, (০৮) ধর্ম, (০৯) জেভার/লিঙ্গ (১০) মোবাইল নম্বর, (১১) ইতিপূর্বে কম্পিউটার বিষয়ক গৃহীত প্রশিক্ষণের নাম (যদি থাকে) এবং (১২) ভবিষ্যৎ পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে আবেদন পত্রের সাথে এক কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি, শিক্ষাগত যোগ্যতা প্রমাণে সকল সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি, ইতিপূর্বে কম্পিউটার বিষয়ক গৃহীত প্রশিক্ষণের সার্টিফিকেটের অনুলিপি (যদি থাকে) জমা দিতে হবে।

চলমান পাতা নং ০২

পাতা নং ০২

- চ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।  
ছ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কক্ষে উপস্থিত থাকতে হবে।  
জ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।  
ঝ) প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ অনাবাসিক। প্রশিক্ষার্থীদের কোনরূপ যাতায়াত ভাতা প্রদান করা হবে না।  
ঞ) প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ শুরুর সময় ও তারিখ জানিয়ে দেয়া হবে।


  
(মোছাঃ শারমিন আখতার)  
উপজেলা নির্বাহী অফিসার  
নন্দীগ্রাম, বগুড়া।  
ফোন নং ০৫০২৭-৭৬০০১

স্মারকঃ ০৫.৫০.১০৬৭.০০০.০৫.০২৮.১৯.৪০৮(৬)

২৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ  
তারিখঃ-----  
১২ জুন ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। জেলা প্রশাসক, বগুড়া।  
২। মেয়র, নন্দীগ্রাম পৌরসভা, নন্দীগ্রাম, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তি অত্র এলাকায় বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
৩। চেয়ারম্যান,.....ইউপি (সকল), নন্দীগ্রাম, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তি অত্র এলাকায় বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
৪। সহকারী প্রোগ্রামার (আইসিটি), নন্দীগ্রাম, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তি উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।  
৫। নোটিশ বোর্ড।

  
উপজেলা নির্বাহী অফিসার  
নন্দীগ্রাম, বগুড়া।